

দ্বাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায়

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক দ্বাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৫-র বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। তাতে কলেজের প্রভাষক পদের জন্য শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হয়েছে— স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো সম্পর্কিত ২০১০ ও ২০১২ (আগস্ট ২০১২ পর্যন্ত সংশোধিত)-এর নির্দেশিকায় ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিধারীদের প্রভাষক পদে আবেদন করার সুযোগ রাখা হয়েছিল। কিন্তু জনবল কাঠামো মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত নির্দেশিকায় স্নাতকোত্তর ডিগ্রিধারীদের প্রভাষক পদের জন্য আবেদন করার কোনো সুযোগ রাখা হয়নি। শিক্ষাগত যোগ্যতার এমন বৈশিষ্ট্য দেশের অর্ধেকের বেশি ঘারা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন। প্রভাষক পদের জন্য তারা আবেদন করতে পারছেন না। অর্থাৎ জাতীয় শিক্ষানীতি ২০১০-এর উচ্চশিক্ষা কৌশল স্নাতক পর্যায়ের ক্রমিকে উল্লেখ আছে—মাস্টার্স, এম.ফিল. বা পি.এইচ-ডি কে বিশেষায়িত শিক্ষা হিসাবে বিবেচনা করা হবে এবং গুরুত্বপূর্ণ ও উচ্চশিক্ষায় শিক্ষকতা রূপে আগ্রহী শিক্ষার্থীদের স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করতে হবে। বিসিএস (সাধারণ ক্যাডার ও শিক্ষা ক্যাডার) পরীক্ষার জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের আবেদন করার সুযোগ আছে অথচ বেসরকারি কলেজে প্রভাষক পদে আবেদন করার সুযোগ রাখা হয়নি। এটা আমাদের জন্য অতীব কষ্টের। এ অবস্থায় আবেদনের শেষ সময় ১৭ মে আগে এই জটিলতা নিরসন করে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিধারীদের প্রভাষক পদে আবেদন করার সুযোগ দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. রবিউল ইসলাম,
 গ্রাম ও ডাকঘর: কদিম চিলান,
 উপজেলা: লালপুর,
 জেলা: নাটোর